


# આમિ એકત વડેા ડાઈ

TWINKLE  
Publishing



জানেন? এই তো সেদিনও আমিই ছিলাম এ বাড়ির  
সবচাইতে ছোটো মানুষ। আম্মুর কোলটা ছিল শুধুই আমার।  
আব্বুর পিঠটা ছিল আমার ঘোড়া। সবাই আমাকে বলত,  
'আমাদের ছোট সোনা'। তখন আমি একাই ছিলাম সবার  
আদরের রাজপুত্র!





কিন্তু এখন দেখুন! আম্মুর কোলে নতুন একজন শূয়ে আছে। ওর হাতগুলো একদম পুতুলের মতো ছোটো ছোটো। পা-গুলো নাড়ালে আমার খুব হাসি পায়। আল্লাহ তাআলা আমাদের ঘরে এই পুতুলটাকে পাঠিয়েছেন। সবাই ওকে 'বাবু' ডাকে। আর আমাকে বলে, তুমি এখন 'বড়ো ভাই'। শুনতে কী যে ভালো লাগে!

আম্মু বলেছে, আমিও নাকি আগে ওর মতোই পিচ্চি  
ছিলাম। সারাদিন হাত-পা ছুড়তাম আর ‘উঁয়া উঁয়া’ করে  
কাঁদতাম। এখন আমি বড়ো হয়ে গেছি, অনেক শক্তিশালী  
হয়েছি। আমি এখন নিজের জুতো নিজেই পরতে পারি!  
আলহামদুলিল্লাহ।



আমি জানি, ছোটোদের অনেক স্নেহ করতে হয়। নবীজি (ﷺ) ছোটোদের খুব ভালোবাসতেন। তিনি বলেছেন, ‘যে ছোটোদের স্নেহ করে না, সে আমাদের দলভুক্ত নয়’। তাই আমি বাবুকে অনেক ভালোবাসি। ওকে কখনো জোরে চেপে ধরি না, আলতো করে কপালে একটা চুমু দিই। আর ফিসফিস করে বলি, ‘মাশাআল্লাহ’। ও তখন মিটিমিটি হাসে!



আম্মু যখন বাবুর ডায়পার বদলায়, আমি তখন তার পাশে গিয়ে দাঁড়াই। আমি চট করে পাউডারটা এনে দিই, কখনো তোয়ালেটা এগিয়ে দিই। আম্মু একা থাকলে কষ্ট হয় তো, তাই আমি আম্মুর ‘লিটল হেল্পার’ হয়ে কাজ করি। সাহায্য করলে তো আল্লাহ খুশি হন, তাই না?





বাবু যখন দুধ খায়, ওর ঠোঁটে একটু লেগে থাকে। আমি তখন চট করে টিস্যু বা নরম রুমাল এনে দিই। আম্মু খুশি হয়ে বলেন, ‘জাযাকাল্লাহু খইর লিটল হেল্লার!’, আমার তখন খুব আনন্দ হয়। মনে হয় আমি মস্ত বড়ো একটা কাজ করে ফেলেছি!

